



# পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

প্রধান কার্যালয়

বাড়ী-৫, এভিনিউ-৩, হাজী রোড, বৃননগর, মিরপুর-২, ঢাকা-১২১৬



## মানব সম্পদ উন্নয়ন

স্মারক নং- ৪৭.৬৬.০০০০.০১১.০৬.১২(০৩).০০-৩৫১৬

তারিখ: ০৯/০৭/২০১৯ খ্রি.

যুগ্ম পরিচালক/উপ-পরিচালক (সকল)

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন


..... অঞ্চল।

বিষয় : যুগ্ম পরিচালক/উপ-পরিচালকগণের সম্মেলনে যোগদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৯-২০ জুলাই, ২০১৯ তারিখ ০২ (দুই) দিন ব্যাপী যুগ্ম পরিচালক/উপ-পরিচালকগণের সম্মেলন ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট একাডেমি- ফিমা (কক্ষ নং ৪০২), এ/৭ লালাসরাই, মিরপুর- ১৪, ঢাকায় সকাল ৯.০০ ঘটিকা থেকে অনুষ্ঠিত হবে। উক্ত সম্মেলনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন জনাব মদন মোহন সাহা, ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ। উল্লেখিত সম্মেলনে নির্ধারিত তারিখ ও সময়ে প্রয়োজনীয় হালনাগাদ তথ্যাদি এবং ২০১৮-১৯ অর্থবছরের স্ব-স্ব অঞ্চলের অর্জিত সাফল্যের প্রতিবেদন প্রণয়ন/প্রস্তুত পূর্বক সকল যুগ্ম পরিচালক/উপ-পরিচালকগণকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। অংশগ্রহণকারীগণ পিডিবিএফ এর বিধি মোতাবেক স্ব-স্ব কর্মস্থল থেকে টিএ ও ডিএ প্রাপ্য হবেন।

উল্লেখ্য যে, এটি একটি আবাসিক সম্মেলন, সংশ্লিষ্টদের ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট একাডেমি- ফিমা এর ডরমিটরীতে থাকার ব্যবস্থা করা হয়েছে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই পত্র প্রেরণ করা হলো।

  
(মুহিউদ্দিন আহমদ পান্না)

অতিরিক্ত পরিচালক


মানব সম্পদ উন্নয়ন ও যোগাযোগ

স্মারক নং- ৪৭.৬৬.০০০০.০১১.০৬.১২(০৩).০০-৩৫১৬

তারিখ: ০৯/০৭/২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। পরিচালক (সকল), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত পরিচালক (সকল), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক (সকল), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। যুগ্ম পরিচালক (সকল), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, প্রধান কার্যালয়, ঢাকা- আপনার বিভাগ/শাখার প্রয়োজনীয় হালনাগাদ তথ্যাদি এবং ২০১৮-১৯ অর্থবছরের অর্জিত সাফল্যের প্রতিবেদন প্রণয়ন/প্রস্তুত পূর্বক উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
- ৫। উপ-পরিচালক (সকল), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। এক্সিকিউটিভ সেক্রেটারী, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। পিডিবিএফ ওয়েব সাইট, আইটি শাখা, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৮। সংশ্লিষ্ট নথি।

  
(মিহির কুমার মালাকার)  
সিনিয়র সহকারী পরিচালক  
মানব সম্পদ উন্নয়ন